পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস অফিস

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন ঃ ০৯২১-৫১৩২৮, ই-মেইল : pdwmbstu@gmail.com

সূত্র : মাভাবিপ্রবি/পউও/হিট প্রকল্প (এটিএফ)/২০২৫/৩১২/০৭(৮৩) তারিখ : ০২/০২/২০২৫

**বিষয় : Call for the Proposal of Academic Transformation Fund (ATF) প্রসঙ্গে।**

সূত্র: ০১. হিট/পিএমইউ/এটিএফ-৬০/২০২৪-৩৫৩; তারিখ: ২৮/০১/২০২৫।

০২. মাভাবিপ্রবি/পউও/হিট প্রকল্প (এটিএফ)/২০২৫/৩১২/০৬(৩৩) ; তারিখ: ২৬/০১/২০২৫।

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বাস্তবায়নাধীন **"হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট)"** প্রকল্পের জন্য সাব-প্রজেক্ট সীমা ৫০-১০০০ লক্ষ টাকার মধ্যে **Academic Transformation Fund (ATF)** সংক্রান্ত প্রস্তাব জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালক, হিট প্রকল্প বরাবর প্রেরণ করা প্রয়োজন। এজন্য, নির্ধারিত নির্দেশনা, ফরম ও উইনডো অনুযায়ী আপনার বিভাগের প্রয়োজনীয় প্রস্তাব (যদি থাকে) আগামী ১০/০২/২০২৫ তারিখের মধ্যে অনলাইন আইডির মাধ্যমে সাবমিট এবং প্রস্তাবের হার্ড কপি ০৩ সেট আগামী ১৭/০২/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্প পরিচালক, হিট প্রকল্প-এর কার্যালয়ে প্রেরণ করতে হবে মর্মে সূত্র-০১-এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। আরো উল্লেখ্য যে, প্রস্তাব/প্রস্তাবগুলো সংশ্লিষ্ট বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশ সন্নিবেশসহ অত্র বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস অফিসের মাধ্যমে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্ধারিত স্থানে স্বাক্ষরসহ প্রকল্প পরিচালক, হিট প্রকল্প-এর কার্যালয়ে প্রেরণ করতে হবে। **সেজন্য, Call for the Proposal মোতাবেক Proposal আগামী ১০/০২/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে আবশ্যিকভাবে দাখিল করতে হবে এবং আগামী ১১/০২/২০২৫ তারিখের মধ্যে বর্ণিত নির্দেশনা অনুযায়ী পরিচালক (পউও) বরাবর হার্ড কপি ০৫ সেট ও সফটকপি ই-মেইলের মাধ্যমে pdwmbstu@gmail.com এ প্রেরণ করার অনুরোধ করছি।**

বিশেষ অনুরোধ:

০১. এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য **https://heat.ugc.gov.bd/**-এ ভিজিট করে গাইড-লাইন অনুসরণ করা।

০২. বিভাগীয় একাডেমিক কমিটির মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা।

এমতাবস্থায়, এ বিষয়ে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

সংযুক্তি: বর্ণনামতে ০১ পাতা।

ধন্যবাদান্তে,

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচালক
পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস অফিস
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রজেক্ট
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
লেভেল-১০, বাংলাদেশ কপিরাইট ভবন
প্লট নম্বর-এফ ২০/বি পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- হিট/পিএমইউ/এটিএফ-৬০/২০২৪-৩৫৩ তারিখ: ২৮/০১/২০২৫ খ্রি.

**বিষয় : "হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট)" শীর্ষক প্রকল্পের আওতায় "Academic Transformtion Fund (ATF)" মঞ্জুরীর লক্ষ্যে অনলাইনে দাখিলকৃত Proposal সমূহ দাখিল।**

**সূত্র : ২৪/১২/২০২৪ তারিখ প্রকাশিত Call for Proposal**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট)" শীর্ষক প্রকল্পের সাব কম্পোনেন্ট ২.২ (iii) এর আওতায় দেশের পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে Academic Transformation Fund (ATF) মঞ্জুর করার লক্ষ্যে ২৪/১২/২০২৪ তারিখ Call for Proposal আহবান করা হয়। উক্ত Call for Proposal মোতাবেক Proposal সমূহ অনলাইনে ১০/০২/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। একই সাথে Academic Committee এর অনুমোদন গ্রহণ করত: ০৪ (চার) কপি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন/রেজিস্ট্রার দপ্তরে দাখিল করতে হবে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অনুষদ/ইনস্টিটিউট কর্তৃক দাখিলকৃত Proposal সমূহ হতে প্রতিটির ০৩ (তিন) কপি করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের Endorsement-সহ আগামি ১৭/০২/২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্প কার্যালয়ে (লেভেল-১০, বাংলাদেশ কপিরাইট ভবন, প্লট নম্বর-এফ ২০/বি পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত Proposal সমূহ Review এর জন্য বিবেচিত হবে না।

বিষয়টি অতীব জরুরি।

28/01/25
অধ্যাপক ড. আসাদুজ্জামান
প্রকল্প পরিচালক
মোবাইল: ০১৯৩৮৫৩৪৮২৮
ই-মেইল: pdheat@ugc.gov.bd

**বিতরণ**

০১। রেজিস্ট্রার, ------------------------------------ বিশ্ববিদ্যালয়।
০২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)--------------------- বিশ্ববিদ্যালয়।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। সদস্য (সকল), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যানের একান্ত সচিব (অতিরিক্ত পরিচালক), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।